



ইচ্যেল থার্ভারবোল্টের জন্ম দিয়েছিল ২০১১ সালে। মূলত দ্রুতগতির সংযোগের উন্নয়নের লক্ষ্যে ইউএসবির পরিবর্তে এ প্রযুক্তি উভাবন করা হয়। ইউএসবি বর্তমানে তৃতীয় প্রজন্মে উন্নীত হলেও এর গতি মাত্র ৫ গিগাবিট/সেকেন্ড। অন্যদিকে প্রথম প্রজন্মের থার্ভারবোল্ট তারচেয়ে দিগ্ন পরিমাণে ডাটা বিনিয়োগের ক্ষমতা অর্জন করেছিল। এ ছাড়া শুধু স্টেরেজের জন্য সিরিয়াল ডাটা নয় বরং ডিস্প্লের জন্য ভিডিও ডাটাও প্রদান করতে সক্ষম। তবে এ পণ্যের উৎপাদন খরচ বেশি হওয়ায় এবং সেইসাথে প্রচলিত কমপিউটার জাতীয় পণ্যে থার্ভারবোল্ট পোর্টের অনুপস্থিতি থাকায় এটি

প্রো ও আই ম্যাকে উপরোক্ত দুটি প্রযুক্তি (১ ও ২) ব্যবহার করেছিল। এটি যে ক্রমান্বয়ে ফায়ার-ওয়্যারের মতো মুখ খুবড়ে পড়ে যাওয়ার উপক্রম হয়েছিল, তা থেকে পরিচালন পাবে বলে ধারণা করা হচ্ছে।

এটি অবমুক্ত হওয়ার পর। এ ছাড়া ইন্টেল থার্ভারবোল্ট চিপের দাম বেশ কমিয়েছে— মাত্র ৮



থার্ভারবোল্ট ৩ অসাধারণ পণ্য

প্রকৌশলী তাজুল ইসলাম

উল্লেখযোগ্য সাড়া জাগাতে পারেনি। ফলে ইউএসবি বাজারে বেশ আধিপত্য বজায় রেখে চলেছিল। গত জুন মাসে ইন্টেল আলপিন রিজ তথ্য থার্ভারবোল্ট ৩ বাজারে ছাড়ার ঘোষণা দেয়, যা শুধু গতি নয় বরং ইন্টারফেসের ক্ষেত্রে অসাধারণ ভূমিকা পালন করবে অর্থাৎ তিনি ধরনের ইন্টারফেস নয় বরং ইউএসবি ৩.১ (টাইপ সি) কন্ট্রোলার অর্জুক্ত হওয়ার ফলে ইউএসবি ইন্টারফেস (মাইক্রো ইউএসবি) ধারণ করবে। ফলে থার্ভারবোল্ট ৩ ইউএসবি ইন্টারফেস প্রযুক্তিকে বিলীন হয়ে যাবে। থার্ভারবোল্ট পোর্টে এখন থেকে থার্ভারবোল্ট ছাড়া ডিস্প্লে পোর্ট, ইউএসবি ৩ এবং পিসিআই এক্সপ্রেস ব্যবহার করা যাবে। যদিও ইন্টেল তাদের তালিকায় পিসিএক্স প্রেসকে অন্তর্ভুক্ত করেনি, তবে বিশেষজ্ঞেরা বলছেন এটি করা যাবে। থার্ভারবোল্ট ৩-এ ব্যান্ডউইডথ আনা হয়েছে ৪০ গিগাবিট/সেকেন্ড তথ্য ৫ গিগাবাইট/সেকেন্ড, যা পিসিআই এক্সপ্রেস ২.০-এর তুলনায় সামান্য কম। তবে দুটো ৪-কে ৬০ হার্টজ ডিস্প্লে তথ্য মনিটরে এটি ডাটা প্রদান করতে সক্ষম হবে।

থার্ভারবোল্টের অসুবিধা হলো এর ব্যয়বহুল ক্যাবলিং। তবে ইন্টেল হলে পরিস্থিতির কিছুটা উন্নয়ন ঘটিয়েছে। ২ মিটার প্যাসিভ ক্যাবলে ২০ জিবি/এস এবং অ্যাকটিভ ক্যাবলে ৪০ জিবি/এস সংযোগ প্রদানে সক্ষম হবে। যদিও অপটিক্যাল ক্যাবলে ৪০ জিবি/এস গতিতে ৬০ মিটার পর্যন্ত টেনে নেয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়েছে। এ ছাড়া ল্যাপটপ চার্জ হয়ে যাবে পাশাপাশি (১০০ ওয়াট পর্যন্ত)। ফলে থার্ভারবোল্ট ৩-এ যা পাওয়া যাবে তা হলো—

ইন্টেল এ কারণে থার্ভারবোল্টকে নিয়ে এক প্ল্যান চালু করেছে— ‘সবাইকে শাসন করবে এক ক্যাবল’। যদিও ভার্সন ১ ও ২-এ ইন্টেল সফল হতে পারেনি, তবে তারা এবার সফলতার মুখ দেখবে বলে আশাবাদব্যক্ত করেছে। কারণ, একমাত্র অ্যাপল তার পণ্য ম্যাকবুক প্রো, ম্যাক


থার্ভারবোল্ট ৩-এর গুণাগুণ	
অধিক গতি	৪০ গিগাবিট/সেকেন্ড
অধিক পিক্সেল	২ বাই ৪-কে ডিসপ্লে
অধিক প্রোটোকল	থার্ভারবোল্ট, ইউএসবি ডিসপ্লে পোর্ট পিসিআই এক্সপ্রেস
অধিক বিদ্যুৎ	১০০ ওয়াট পর্যন্ত

‘গেম চেঞ্জার’ হিসেবে দেখছেন। তাইওয়ানে একটি কেন্দ্র খুলেছে যাতে করে দ্রুত পণ্যের অনুমোদন দেয়া যায়। ইন্টেল সত্যিই বিশ্বাস করে, ‘এক তার দিয়ে সব কাজ করা সম্ভব’ প্ল্যানটি অচিরেই বাস্তবায়িত হতে যাচ্ছে।

ইন্টেলের প্রতিদ্রুতী এমডি তাদের এক্স্ট্রানাল ভিডিও কার্ডের জন্য থার্ভারবোল্ট ৩ ড্রাইভার বাজারে হেডেছে।

থার্ভারবোল্ট-পরবর্তী কী?

উচ্চ রেজুলেশনসমূহ কিছু ডিসপ্লে চালাবার জন্য ব্যান্ডউইডথ বাড়াবার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। যেমন— ইউএইচডি ৮-কে (৭৬৮০ বাই ৪৩২০) ডিসপ্লে ৩০.২ মেগাপিক্সেলের প্রয়োজন হয়। ফলে ৮০ জিবি/সেকেন্ড পর্যন্ত ব্যান্ডউইডথকে উন্নীত করার প্রয়োজন হতে পারে। বর্তমানে অ্যামবেডেড ডিসপ্লে পোর্ট ভার্সন ১.৪এ নির্মাণ



ডলার। কমপিউটার নির্মাতারা যখন ভলিউম পরিমাণে ক্রয় করবে, তখন এর দাম ৫ ডলারের চেয়েও কম দামে পাবে। ফলে নতুন মাদারবোর্ড ও পিসি, ল্যাপটপ ও ট্যাবলেটসহ যাবতীয় পণ্যে এটি অন্তর্ভুক্ত করা সহজ হয়ে যাবে এবং ক্রমান্বয়ে এটি বাজার দখল করতে সমর্থ হবে বলে বিশেষজ্ঞদের ধারণা।

এইচপির মাইক ন্যাশ জানিয়েছেন, থার্ভারবোল্ট ৩ কর্পোরেট ল্যাপটপের ক্ষেত্রে আবেদন রাখবে এ কারণে যে, একটিমাত্র ক্যাবলের মাধ্যমে তারা ডক ও চার্জিংয়ের সুবিধা পাবে। তবে থার্ভারবোল্টের বড় সক্ষমতা হচ্ছে ল্যাপটপে এক্স্ট্রানাল গ্রাফিক্স ব্যবহার করা, যা বেশ অভিনব। এর ফলে অতিশয় পাতলা ল্যাপটপে গেম খেলার সুযোগ সহজ হয়ে পড়বে।

ল্যাপটপে থার্ভারবোল্ট ৩ বেশ কার্যকরিতা দিলেও ডেক্সটেপে এটি তেমন প্রভাব ফেলবে না বলে কিছু ভেঙ্গের আশঙ্কা প্রকাশ করেছে। এদিকে ইন্টেল কর্মকর্তা জানিয়েছেন, পিসি ভেঙ্গেদের কাছে এ প্রযুক্তি বেশ এহংযোগ্যতা পেয়েছে। এটাকে তারা

করেছে তেস্ব নামের সমিতি, যা অচিরেই ১.৪বি-তে উন্নীত হবে। বর্তমানে প্রচলিত ডিসপ্লে প্রোটোকলে এ প্রযুক্তি সন্নিবেশিত হলে তা থার্ভারবোল্টে গড়াবে তাতে সন্দেহ নেই।

থার্ভারবোল্টের সীমাবদ্ধতা

যদি ভোজারা থার্ভারবোল্টের মাধ্যমে পিসিআই এক্সপ্রেস বাসকে সম্প্রসারিত করে, তাহলে তা পিসি সিস্টেমে লো-লেভেল তথ্য নিম্নপর্যায়ে প্রবেশাধিকার প্রদান করতে পারে। ফলে এটি নিরাপত্তা বলয়ে একটি ফাটল প্রদান করতে পারে ডিএমএ (ডাইরেক্ট মেমরি অ্যাক্সেস) আক্রমণের মাধ্যমে। যদিও এটি পিসি কার্ড, এক্সপ্রেস কার্ড ও ফায়ারওয়্যারের মাধ্যমেও সম্ভব ছিল। থার্ভারবোল্ট ইন্টারফেস ক্ষতিকর ডিভাইস সংযোগ করে অন্যান্যে অপারেটিং সিস্টেম-প্রদত্ত সব নিরাপত্তা বলয় ভেদে করে সিস্টেম মেমরিতে রিড/বাইট করতে সক্ষম হতে পারে এবং ম্যালওয়্যারকে ঢুকিয়ে দিতে পারে। তবে আইওএমএমইউ (IOMMU) কোশল প্রয়োগ করে এ অপতৎপরতা বন্ধ করে দেয়া যেতে পারে।